

ঘূঢ়াঘূ

রাবি শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার

👤 রাবি প্রতিনিধি

⌚ ০৯ জুন ২০২৩, ২১:৫৮:৫৬ | অনলাইন সংস্করণ



ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) তানভীর ইসলাম নামে এক শিক্ষার্থীর ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়েছে।

বৃহস্পতিবার মধ্যরাতে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বিনোদপুর এলাকার স্টুডেন্ট পয়েন্ট ছাত্রাবাস থেকে ওই শিক্ষার্থীর লাশ উদ্ধার করে পুলিশ।

তানভীর রাবির লোক প্রশাসন বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। তিনি নীলফামারী জেলার সদর থানার কাঞ্চনপাড়ার আবু বকর সিদ্দিকের ছেলে।

জানা গেছে, বৃহস্পতিবার সন্ধ্যা থেকে কক্ষের দরজা বন্ধ করে অবস্থান করছিলেন তানভীর। রাতে বাড়ি থেকে যোগাযোগ করতে না পেরে তার বাবা মেস মালিককে খোঁজ নিতে বলেন। তখন দরজায় কড়া নেড়ে কোনো সাড়া পাননি তিনি। পরে জানালা দিয়ে তাকে গলায় ফাঁস দেওয়া অবস্থায় দেখতে পান তিনি। মৃত্যুর আগে একটা চিরকুটও রেখে গেছেন এই শিক্ষার্থী। চিরকুটে লেখা অনুযায়ী তিনি মানসিকভাবে হতাশাগ্রস্ত ছিলেন বলে জানা গেছে।

এ বিষয়ে মতিহার থানার ওসি রুহুল আমিন বলেন, ঘটনাস্থল থেকে ঝুলন্ত অবস্থায় তার লাশ পাওয়া যায়। পরবর্তীতে ময়নাতদন্তের জন্য লাশটি রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে নেওয়া হয়। ময়নাতদন্ত শেষে লাশ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে এবং এ বিষয়ে একটি অপমৃত্যুর মামলাও হয়েছে।

সার্বিক বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা অধ্যাপক জাহাঙ্গীর আলম সাউদ বলেন, ডাক্তারি ও আইনি প্রক্রিয়া শেষে শুক্রবার দুপুরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে লাশটি তার পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে। লাশ দাফনের জন্য তার কিছু সহপাঠীও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহনে নীলফামারীতে গেছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023